



ডিন অফিস
বিজ্ঞান অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 5861 4919
PABX : 9661900-72/4344, 4345
E-mail : deansc@du.ac.bd

নং- বি: অনু:/ /২০১৭-২০১৮

তারিখ : ১৩ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ
০১ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি-৫

বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

বিষয়: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ৭টি কলেজের বিজ্ঞান ইউনিটের মুক্তিযোদ্ধা, আদিবাসি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী কোটা এবং অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারী ৭টি কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির 'বিজ্ঞান ইউনিটে' মুক্তিযোদ্ধা, আদিবাসি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং প্রতিবন্ধী কোটায় ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের এবং অপেক্ষমান তালিকা প্রকাশ করা হলো। মনোনীত শিক্ষার্থীদেরকে আগামী ২০/০২/২০১৮ তারিখের মধ্যে ওয়েবসাইট থেকে (www.7college.du.ac.bd) সংশ্লিষ্ট কলেজের পে-ইন-স্লিপ ডাউনলোড করে দেশের রাষ্ট্রায়ত্ত্ব সোনালী ব্যাংক লি:-এর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত যেকোনো অনলাইন শাখায় নির্ধারিত ফিস জমা দিতে হবে। অতঃপর ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ ফিস জমাদানের পে-ইন-স্লিপের কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে ২২/০২/২০১৮ তারিখের মধ্যে নিজ দায়িত্বে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট কলেজ থেকে ভর্তির ফর্ম ও অন্যান্য কাগজ-পত্রাদি সংগ্রহপূর্বক ভর্তির ফর্মের সঙ্গে (ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি, (খ) সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠান প্রধানের প্রসংশাপত্র, (গ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের কপি, (ঘ) এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষার গ্রেডশীটের কপি, (ঙ) মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাময়িক সনদের ফটোকপি, (চ) নাতি-নাতনীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রত্যয়নকারী কাগজ-পত্রের সত্যায়িত কপি (ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক), (ছ) আদিবাসি/ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে আদিবাসি/ নৃগোষ্ঠী প্রধান/জেলা প্রশাসকের নিকট থেকে প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

প্রফেসর ড. মোহাম্মদ আব্দুল আজিজ

ডিন, বিজ্ঞান অনুষদ এবং

সমন্বয়কারী, বিজ্ঞান ইউনিট ভর্তি: ২০১৭-২০১৮

ঢাকা বিশ্ববিদ্যালয়